# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 16 June, 2025

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শেখ মুজিবুর রহমান হলের সামনে সোমবার (১৬ জুন) ভোরে দু'টি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে।প্রত্যক্ষদর্শী শিক্ষার্থীরা জানান, সকাল ৬টার দিকে 'জয় বাংলা' ও 'শেখ হাসিনা' স্লোগান দিয়ে একটি ঝটিকা মিছিল শেষে ককটেল বিস্ফোরণ ঘটায় ছাত্রলীগের নেতাকর্মীরা।পরে মিছিলটি কাটাবন থেকে শাহবাগ সড়কে চলে যায়।

শেখ মুজিবুর রহমান হলের একজন শিক্ষার্থী নাম প্রকাশ না করার শর্তে বলেন, "ভোর ৫টা ৫০ মিনিটে ঘুম ভাঙে স্লোগানের শব্দে।বারান্দায় গিয়ে দেখি পরিবাগ মোড়ে ১৫ জনের মতো ছিল।পরে তারা বিভিন্ন দিকে চলে যায়।যাওয়ার সময় পকেট গেটের সামনে দুটি ককটেল বিস্ফোরণ ঘটায়।"

এ ঘটনায় আতঙ্ক ছড়িয়ে পড়ে আবাসিক শিক্ষার্থীদের মধ্যে।অন্য এক শিক্ষার্থী মোহাম্মদ আশরাফুল ইসলাম বলেন, "শুধু মুজিব হলেই নয়, একই দিনে কাজী মোতাহার হোসেন ভবনের সামনেও ছয়টি ককটেল উদ্ধার করা হয়েছে।তাহলে নিরাপত্তা কোথায়? আজকে ককটেল মেরেছে গেটে, কালকে হলে হলে বোমা হামলা করলে কে দায় নেবে?"

তিনি প্রশ্ন তোলেন, "ক্যাম্পাসের ভেতর প্রশাসনের নাকের ডগায় এমন ঘটনায় নিরাপত্তা ব্যবস্থা কোথায়? ককটেল রাখা হচ্ছে, বিস্ফোরণ ঘটছে, অথচ প্রশাসন কিছু জানে না—এটা কীভাবে সম্ভব?"

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে এ বিষয়ে এখনো কোনো আনুষ্ঠানিক বক্তব্য পাওয়া যায়নি।তবে শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ও ক্ষোভ বিরাজ করছে, বিশেষ করে এমন একটি সময় যখন ক্যাম্পাসে রাজনৈতিক উত্তেজনা ও দমন-পীড়নের নানা অভিযোগ উঠছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, এই ঘটনার দ্রুত তদন্ত ও দোষীদের শনাক্ত করে ব্যবস্থা না নিলে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ আরও অস্থির হয়ে উঠতে পারে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী ককটেল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 June, 2025 22:51

URL: https://timestodaybd.com/campus/7202333436